112

দৈনিক সংবাদ

তারিখ ... FEB 20 1999 ...
পৃষ্ঠা ৫ কলাম ৬



ফো
কা
স

# বইমেলার বইয়ের খবর

এবারে একুশে বইমেলায় মুক্তধারা, সাহিত্য প্রকাশ, বিদ্যাপ্রকাশ, দিব্যপ্রকাশ, অনুপম প্রকাশনী ও বিউটি বুক হাউসের মতো উল্লেখযোগ্য প্রকাশনা সংস্থাগুলো খুব বেশি উল্লেখযোগ্য প্রকাশনা নিয়ে আসতে পারেনি। এমন কি শিশু একাডেমির মতো সরকারি পৃষ্ঠপোষকতায় পুষ্ট সংস্থার প্রকাশনাও নজর কাড়া নয়। তবে সাহিত্যমালা, সন্দেশ, কাকলী, প্রকাশনী, মৌলি প্রকাশনী, অনুভব শিখা প্রকাশনীর মতো অপেক্ষাকৃত ছোট প্রকাশনা সংস্থাগুলো উল্লেখযোগ্য বেশকিছু বই এবারের একুশে বইমেলায় নিয়ে এসেছে।

**বাংলাদেশ শিশু একাডেমি ঃ** শিশু একাডেমি এবার মেলায় এনেছে দুটি বই। অরুণ চন্দ্র তেওয়ারীর 'বাংলাদেশের ডাকটিকিট' ও 'শিশু বিশ্বকোষ' পঞ্চম খন্ড। এছাড়াও এই স্টলে শিশু-কিশোরদের অনেক বই এক সাথে দেখতে পাওয়া যায়।

**মুক্তধারা ঃ** এই প্রকশানার নতুন বই তেমনএকটা আসেনি। যেসব বই মেলায় প্রকাশ পেয়েছে তার মধ্যে আছে সন্তোষ গুপ্তের চিত্রকলা বিষয়ক 'শিল্প সমাজ ও বাস্তবতা' ভ্রমণ কাহিনী বিষয়ক আশরাফ সিদ্দিকীর 'প্যারিস সুন্দরী', বিজ্ঞান বিষয়ক আব্দুল্লাহ আল-মুতীর 'এ যুগের বিজ্ঞান', আবুল খায়ের মুসলে উদ্দিনের টুরিস্ট গার্ল ও আনোয়ারা বেগম সম্পাদিত 'রবীন্দ্রনাথের কিশোর কবিতা' ও 'নজরুলের কিশোর কবিতা'র বই।

**বিউটি বুক হাউস ঃ** এক সময়ের ঐতিহ্যবাহী এই প্রকাশনা থেকে উল্লেখযোগ্য বই প্রকাশিত হতো। কিন্তু এবারের মেলায় শামসুর রাহমানের গদ্যের বই 'টুকরো কিছু সাঁকো ও 'রূপের প্রবালে দগ্ধ সন্ধ্যারাতে' নামে একটি কবিতার বই ছাড়া কোন বই প্রকাশ পায়নি।

**সাহিত্য প্রকাশ ঃ** এ পর্যন্ত মেলায় সাহিত্য প্রকাশের নতুন বই এসেছে ৪টি। এর মধ্যে আছে শরদিন্দু দস্তিদারের 'জীবনস্মৃতি' এবং ডঃ জেড করিম ও অন্যান্যের লেখা 'পরিবেশ বিদ্যা'। এছাড়াও তারা 'বাংলাদেশের পাখি' ও 'বাংলাদেশের লোকছড়া' নামে চমৎকার দুটি শিশুতোষ বই এনেছে।

**বিদ্যা প্রকাশ ঃ** এই প্রকাশনার ১১ থেকে ১২টার মতো নতুন বই প্রকাশিত হয়েছে। এ পর্যন্ত মেলায় এসেছে আনোয়ারা সৈয়দ হকের ছোটদের জন্য 'তোমার কথা' ও কিশোরদের জন্য 'মন্টির বাবা', জুলফিয়া ইসলামের 'যে নিজেকে গড়ে তুলবেন' ও স্বাস্থ্যবিষয়ক বই 'খাদ্য পুষ্টি ও পরিমিত আহার', ইয়াসমিন আরা রুবীর উপন্যাস 'শেষ অভিসার', ডাঃ মোহিত কামালের মানসিক উন্নতি বিষয়ক গ্রন্থ, 'শিশুর বুদ্ধি ও স্মরণশক্তি কীভাবে ধারালো করা যাবে'- এসব বই।

**পরমা/হাক্কানী ঃ** আনু মাহমুদের মুক্তবাজার বাংলাদেশের অর্থনীতির প্রকৃতি, বঙ্গবন্ধু শান্তি গণতন্ত্র উন্নয়ন, মোমেনউদ্দিন জোয়ারদারের রাজনীতির চালচিত্র, জাহাঙ্গীর আলম জাহিদের নিঝুম বসন্ত, মোহাম্মদ মাসুদুল হকের ইউরোপে এক বছর, খন্দকার শওকত হোসেনের বাংলাদেশের উপন্যাস ঃ গ্রামীণ সমাজ, সোহরাব হাসানের মৌলবাদ ও সাম্প্রদায়িক রাজনীতি, নূহউল আলম লেলিনের স্বাধীনতা ও উত্তরকাল।

**দিব্য প্রকাশ ঃ** দিব্য প্রকাশ এবার মেলায় এনেছে দশটি নতুন বই। এর মধ্যে আছে ইমদাদুল হক মিলনের উপন্যাস 'কেমন তোমার ভালবাসা' (২য় খন্ড), আনিসুল হকের 'আমার একটা দুঃখ আছে', প্রণব ভট্টের উপন্যাস 'শুধু তোমার জন্য', 'নীলা নামের মেয়েটি' ও কাশেম বিন আবু কাকারের 'যেতে নাহি দেব (২য় খন্ড)'। এ প্রকাশনা মঈনুল আহসান সাবেরের 'অবসাদ ও আড়পোড়ার গল্প' ছাড়া এবার কোন গল্পের বই আনেনি। কবিতার বইয়ে আছে শাহাবুদ্দীন নাগরীর 'করতলে চুমু দেয় চাঁদ' ও মাহমুদ কামালের 'বিরাম চিহ্ন'। এ ছাড়া আছে ফয়জুল লতিফ চৌধুরীর সম্পাদনায় 'শিল্প সাহিত্যে যৌনতা-অশ্লীলতা-নগ্নতা' ও অনুবাদ গ্রন্থ 'প্রশ্নোত্তরে যৌন বিজ্ঞান'।

**অনুপম প্রকাশনী ঃ** মুক্তিযুদ্ধ, রাজনীতি, স্মৃতিকথা, প্রবন্ধ ও ইতিহাস বিষয়ক গ্রন্থের মধ্যে এই প্রকাশনা থেকে ড. মোহাম্মদ হান্নান সম্পাদিত 'মর্তের অমর্ত্য সেন', নজরুল ইসলামের 'একাত্তরের রণাঙ্গন ঃ অকথিত কিছু কথা', মতিউর রহমান গাজ্জালীর 'পিতার কাঁধে সন্তানের লাশ', জ্ঞান বিজ্ঞান বিষয়ক সুজন হায়দারের 'কম্পিউটারের বর্ণমালা' ও নাসরীন মুস্তাফার 'দানব মানুষ ঃ বামন মানুষ' প্রকাশিত হয়েছে। ডাঃ সজল আশফাকের চিকিৎসা বিজ্ঞান বিষয়ক 'নারী ঃ অসুখে বিসুখে', 'ইমারজেন্সি/প্রাথমিক চিকিৎসা' এবং মুহম্মদ জাফর ইকবালের কিশোর উপযোগী গ্রন্থ 'নিতু ও তার বন্ধুরা', ইরাজ আহমেদের 'মহাকাব্যের গল্প', ড. মোহাম্মদ হান্নানের 'কে রেখেছে এই নাম', জহির রায়হানের 'উপন্যাস সমগ্র', দিলীপ কুমার চক্রবর্তীর 'ফুল, অর্কিড ও নন্দন বৃক্ষ' ও রবিশঙ্কর মৈত্রীর 'বিদেশী বাঙলা শব্দের অভিধান' প্রকাশ করেছে এই প্রকাশনা।

**সাহিত্যমালা ঃ** বইমেলা সামনে রেখে বেশ কিছু শিশু সাহিত্য ও অনুবাদ গ্রন্থ প্রকাশিত হয়েছে। এর মধ্যে রয়েছে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শিশুতোষ নীতিবোধ' ও 'শিশুতোষ কথামালা' এবং মাহমুদ উল্লাহর 'আমরা বাঙালি', 'মহীয়সী নারী'। কান্তা চৌধুরীর সম্পাদনায় 'গোপাল ভাঁড় ও বীরবলের গল্প সম্ভার', বীরবল ও মোল্লা নাসিরুদ্দীনের গল্প সম্ভার', 'বিশ্বসেরা গোপাল ভাঁড়, 'মীনার প্রিয় গল্প', 'টাইটানিক', 'ছোটদের জোকস', 'আজব ধাঁধার আজব বই', 'দ্য আডভেঞ্চার অফ সিন্দবাদ', 'বিশ্বসেরা সায়েন্স ফিকশন' ও সুকুমার রায়ের 'জীবজগতের আজব কথা' ও 'জীবজন্তুর কাহিনী'। এছাড়াও এই প্রকাশনার অনুবাদ গ্রন্থের মধ্যে আছে বরুন মজুমদার ও অধ্যাপক নজরুল ইসলাম সম্পাদিত 'বিদ্যাসাগর রচনাবলী', ডেল কার্নেগীর 'দুশ্চিন্তাহীন নতুন জীবন', 'প্রতিপত্তি বন্ধুলাভ', 'ব্যক্তিত্ব বিকাশ ও সাফল্যের সহজ উপায়', 'বিক্রয় ও জনসংযোগ প্রতিনিধি কিভাবে হবেন', সন্তোষ চট্টোপাধ্যায় ও অধ্যাপক নজরুল ইসলাম সম্পাদিত 'ডেল কার্নেগী রচনাবলী', 'মার্ক টোয়েন গল্প সমগ্র', সব্যসাচী রায় ও অধ্যাপক নজরুল ইসলাম সম্পাদিত 'মধুসূদন রচনাবলী ও দীনবন্ধু রচনাবলী'।

**সন্দেশ ঃ** এই প্রকাশনার নতুন বইয়ে আছে ইতিহাস বিষয়ক আবীর হাসানের 'ইরাকের সাদ্দাম যুগ' ও মাহফুজ পারভেজের 'বিদ্রোহী পার্বত্য চট্টগ্রাম ও শান্তি চুক্তি'।

**কাকলী প্রকাশনী ঃ** কাকলী প্রকাশনীরও রয়েছে হাতে গোনা কয়েকটি বই। তার মধ্যে আছে সেলিম আলফাজের 'রবীন্দ্রসঙ্গীত ভাবনা', মুহাম্মদ জাহাঙ্গীরের 'বাংলাদেশের রাজনৈতিক দল নতুন ভঙ্গি ঃ নতুন কর্মসূচি', কাজী আদরের প্যাঁচার হৃৎপিন্ড' ও আবুল হাসেম চৌধুরীর 'যুদ্ধে যুদ্ধে একাত্তরের নয় মাস', রাজনীতি ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই। গল্প ও উপন্যাসে এনেছে হুমায়ূন আহমেদের 'নিষিদ্ধ নগরী' মোশাররফ হোসেন শাজাহানের 'চার কেয়ারী চার দেওয়ারী' ও কাসেম বিন আবু বাকারের 'পথে পরিচয়'।

**মৌলি প্রাকাশনী ঃ** এ প্রকাশনীর নতুন যেসব বই মেলায় এসেছে তার মধ্যে রয়েছে জুলফিকার মতিনের 'রাখ তোমার উদ্যত বাহু', সিকান্দার মমতাজের 'আরেক সন্ধ্যায় তুমি' এবং ছোটদের জন্য জীবন আহমেদের 'আলিফ লায়লা', 'ছোটদের সেরা হাসির গল্প', 'সিন্দাবাদের বাণিজ্য যাত্রা' ও 'শ্রেষ্ঠ হাসির গল্প'। এছাড়া রবীন্দ্রনাথ ঠাকুরের বেশকিছু উপন্যাসের পুনর্মুদ্রণ করেছে এই প্রকাশনী।

**অনুভব প্রকাশনী ঃ** অনুভব প্রকাশনীর তেমন একটা নতুন বই না থাকলেও এই প্রকাশনায় তিনটি উল্লেখযোগ্য বই বদরুউদ্দীন উমরের 'সাম্রাজ্যবাদও বিশ্ব পরিস্থিতি', 'দ্বিতীয় আওয়ামী লীগ সরকারের আমলে বাংলাদেশ' ও রবীন্দ্র গোপের 'নক্ষত্রের অভিষেক' প্রকাশ পেয়েছে।

**শিখা প্রকাশনী ঃ** এই প্রকাশনী থেকে ইমদাদুল হক মিলনের উপন্যাস 'নূরজাহান', সৈয়দ বোরহান কবীরের সত্য ঘটনা অবলম্বনে 'পরিপ্রেক্ষিত ও ওবায়দুল কাদেরের প্রবন্ধের বই 'এ বিজয়ের মুকুট কোথায়' প্রকাশিত হয়েছে।

❑ তনুজা শর্মা